স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (তৃতীয় পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) 'রাধা-বিরহ' অংশের মধ্য দিয়ে রাধার প্রেম-ভাবনার যে অতলান্ত রূপটি প্রকাশ পেয়েছে—তা আলোচনা করুন।

খ) শবরপাদের ২৮ সংখ্যক পদে আদিবাসীদের দাম্পত্য জীবনের স্পষ্ট চিত্র কীভাবে প্রকাশ পেয়েছে, বিস্তৃতভাবে ব্যাখ্যা করুন।

গ) 'মাথুর' কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের যে-কোনো একটি পদের সার্বিক মূল্যায়ন করুন। ৩+১+১৬

ঘ) 'মেঘনাদ বধে'র লক্ষ্মণ চরিত্রের বৈশিষ্ট্যগুলি তুলে ধরুন।

ঙ) রবীন্দ্রনাথ "বিশ্বমানবের দুঃখ আপনারই দুঃখ" রূপে গ্রহণ করেছেন— এই ভাবনার আলোকে আপনার পাঠ্যতালিকাভুক্ত রবীন্দ্রনাথের একটি কবিতার ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) 'নীতিকবিতা' কাকে বলে সেই সম্পর্কে আলোচনা করুন।

খ) শত হতাশার মধ্যেও যে আশার কথা 'দারিদ্র্য' কবিতায় প্রকাশ পেয়েছে তার পরিচয় দিন।

গ) 'সাহিত্যিক মহাকাব্য'-এর স্বরূপ ও বৈচিত্র্য ব্যাখ্যা করুন।

ঘ) চৈতন্যজীবনীর ক্ষেত্রে বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবতের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

ঙ) অশোকাননে বন্দিনী-সীতার মধ্যে প্রেমের যে নিবেদিত রূপ প্রকাশ পেয়েছে উদ্ধৃতিসহ সেটির আলোচনা করুন।

চ) 'পূর্বরাগ' কাকে বলে? চণ্ডীদাসের একটি পূর্বরাগের পদ ব্যাখ্যা করে তার কাব্যশৈলীর আলোচনা করুন।

ছ) 'শ্রীকৃষ্ণকীর্তনে' যে নাট্যগুণ রয়েছে—দৃষ্টান্তসহ তাকে তুলে ধরুন।

জ) চর্যাপদের আদি কবি কে? 'চর্যাচর্য বিনিশ্চয়ে'—তাঁর কটি গীতি পাওয়া যায়? পদকর্তা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ১+১+১০

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কটি খণ্ড নিয়ে রচিত? শেষ খণ্ডটির নাম কী? এই খণ্ডে বাংলা কবিতা ও সংস্কৃত কবিতা মোট কতগুলি আছে? প্রতিটি পদের সঙ্গে কটি রাগ-রাগিণী যুক্ত আছে? ১+১+১+৩=৬

খ) শব্দার্থ লিখুন— ১×৬=৬

দারী, জুঝহ, ভণে, পইসই, গিআ, বাত্র।

গ) ভাষাতাত্ত্বিক টীকা লিখুন— ২×৩=৬

আঅর, ঝি, সোয়াথ।

ঘ) শূর্পণখার চরিত্র সংক্ষেপে বর্ণনা করুন।

ঙ) 'সুখের লাগিয়া —এ ঘর বাঁধিনু —
অনলে পুড়িয়া গেল।'

পদটি কোন্ পর্যায়ের? কে লিখেছেন?

চ) "যুগধর্ম" শব্দটি কোন্ গ্রন্থে আছে? সেখানে এ সম্পর্কে যে ধারণা আছে, ব্যক্ত করুন। ১+৫=৬

ছ) কাব্যে অলংকার সংযোজনের তাৎপর্য কী?

জ) 'কাব্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় তার ছন্দ।' মন্তব্যটি কি আপনি সমর্থন করেন? আপনার বক্তব্য চারটি পঙ্‌ক্তিতে লিপিবদ্ধ করুন। ১+৫=৬

ঝ) 'বলাকা' কাব্যের প্রকাশ হয় কবে? এই কাব্যের মূল ভাবনা কী কী? এদের সম্পর্কে সংক্ষেপে লিখুন। ১+১+৪=৬

ঞ) রবীন্দ্রনাথ 'গদ্যছন্দ' বলতে কী বুঝিয়েছেন? তাঁর যে-কোনো দুটি গদ্যছন্দে লিখিত কাব্যের নাম লিখুন। ৪+২=৬

ট) 'যে চাঁদ জাগালো সাগর জোয়ার' উদ্ধৃতিটির অর্থ ও তাৎপর্য বিশ্লেষণ করুন। ৬